

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.৩২.০০১.১৮.৭০৯

তারিখ: ২২ আষাঢ়, ১৪২৯

০৬ জুলাই ২০২২

পরিপত্র

বিষয়: খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনায় করোনা ভাইরাস (কোভিড ১৯) এর বিস্তার রোধে প্রস্তুতিমূলক কর্মসূচী গ্রহণ

বিশ্বের বিভিন্ন দেশে প্রাণঘাতী করোনা ভাইরাস এর সংক্রমণ আবারও ছড়িয়ে পড়েছে। বাংলাদেশেও বিভিন্ন পর্যায়ে নিরাপত্তা সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে সরকারিভাবে বলা হচ্ছে। এক্ষেত্রে, খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সুরক্ষার জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:


- ১। নিয়মিত জীবাণুনাশক স্প্রে করে খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনা জীবাণুমুক্ত রাখতে পদক্ষেপ গ্রহণ;
- ২। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরাধীন সকল স্থাপনায় প্রতিটি ফ্লোরের প্রবেশ পথে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহারের কাউন্টার স্থাপন এবং প্রতিটি দপ্তরে প্রবেশের প্রাক্কালেও এ ব্যবস্থা রাখা;
- ৩। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনায় প্রতিদিনই পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার ব্যবস্থা গ্রহণ;
- ৪। কর্মকর্তা/কর্মচারীগণকে নিজ নিজ কক্ষ, কক্ষের আসবাবপত্র, নথি, কম্পিউটার সামগ্রী, পাপোষ ইত্যাদি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে নির্দেশনা প্রদান;
- ৫। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনায় যেখানে সেখানে কফ, খুথু, সর্দি, ব্যবহৃত টিস্যু, পানের পিক, খাদ্য দ্রব্যের উচ্ছিষ্ট ইত্যাদি সহ অন্যান্য বর্জ্য না ফেলে নির্ধারিত **waste bin** ফেলতে নির্দেশনা প্রদান;
- ৬। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনায় প্রয়োজনীয়/পর্যাপ্ত সংখ্যক মাঝারী আকারের পেডেল **waste bin** স্থাপনের ব্যবস্থা গ্রহণ;
- ৭। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনায় লিফট, সিঁড়ি, মেঝে এবং ওয়াশরুম প্রতিনিয়ত (দিনে কমপক্ষে ৩ বার) পরিষ্কার-পরিচ্ছন্ন করার ব্যবস্থা গ্রহণ;
- ৮। করোনা ভাইরাস মোকাবেলায় ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সতর্কতার কোন বিকল্প নেই। এক্ষেত্রে লিকুইড হ্যান্ডওয়াশ ব্যবহার করে হাত পরিষ্কার রাখা, মাস্ক ব্যবহার, পরিচ্ছন্ন পোষাক পরিধান, করমর্দন ও কোলাকুলি পরিহার, নোংরা নোট ব্যবহারের পর হাত ধুয়ে ফেলা ইত্যাদি অভ্যাস করার পরামর্শ প্রদান;

৯। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনায় কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে স্ব স্ব দপ্তরে কাউন্সেলিং সভা করা;

১০। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনার প্রবেশদ্বারে এন্ট্রি রেজিস্ট্রার যথাযথভাবে পরিপালনের ব্যবস্থা গ্রহণ করে অপ্রয়োজনীয় প্রবেশ নিয়ন্ত্রণ;

১১। করোনা ভাইরাসের (কোভিড-১৯) উপসর্গ বিদ্যমান সন্দেহ করলে সাথে সাথে নিরাপত্তা সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং চিকিৎসকের শরণাপন্ন হতে পরামর্শ প্রদান।

এতে মহাপরিচালক (গ্রেড-১) এর অনুমোদন রয়েছে।



৬-৭-২০২২

মামুন আল মোর্শেদ চৌধুরী
উপপরিচালক

বিতরণ:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পটকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
- ৫) আইন উপদেষ্টা (অতিরিক্ত দায়িত্ব), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) অতিরিক্ত পরিচালক, এম.আই.এস.এন্ড.এম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৭) সচিবের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ৯) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ১০) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার সাইলো, বগুড়া/খুলনা স্টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট
- ১১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ১২) উপ-পরিচালক(তদন্ত ও মামলা/পিপিটি), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.....
- ১৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা
- ১৫) ব্যবস্থাপক (সকল),
- ১৬) সহকারী উপপরিচালক (সংস্থাপন), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৮) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১৯) পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২০) অফিস/মাস্টার কপি